بسم الله الرحمن الرحيم


সালমান ফজলুর রহমান এমপি
মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা
বেসরকারি শিল্প ও বিনিয়োগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

SALMAN FAZLUR RAHMAN MP
Adviser to the Hon'ble Prime Minister
Private Sector Industry & Investment
Government of Bangladesh


ডিও নং : বেশিবিউদ/২০২০-২০০

তারিখ : ০৫/০৪/২০২১ খ্রিঃ।

**বিষয় : ব্যবসা সহজীকরণ সূচকে বাংলাদেশের অবস্থান উন্নীতকরণসহ অধিকতর বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে কোম্পানীর কমন (গোল) সীলের আবশ্যকতা রহিতকরণের বিষয়টি অবহিতকরণ ও এর কার্যকর বাস্তবায়ন।**

**প্রিয় ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী,**

আসসালামু আলাইকুম, মুজিব বর্ষের শুভেচ্ছা নিবেন।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানাচ্ছি যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায়, বিশ্ব ব্যাংক প্রণীত ব্যবসা সহজীকরণ সূচকে বাংলাদেশের অবস্থান দুই অংকে উন্নীতকরণের লক্ষ্যে, তাঁর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা হিসেবে আমার প্রত্যক্ষ সম্পৃক্ততা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় করে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্য অর্জনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নানাবিধ সংস্কারমূলক কার্যক্রম চলমান রয়েছে যেখানে আপনারা নিয়মিত মতামত ও পরামর্শ দিয়ে যাচ্ছেন। সূচকে কাংখিত অগ্রগতি অর্জনের জন্য বিশ্বব্যাংকের জরিপের সময় বাস্তবায়িত সংস্কারসমূহের অনুসরণ, প্রতিফলন এবং উপকারভোগী কর্তৃক এদের স্বীকৃতি প্রমানিত হওয়া আবশ্যক।

২। আপনি অবহিত আছেন যে, ব্যবসা সহজীকরণের একটি নির্দেশক-Starting A Business সূচকে আমাদের মান উন্নয়নের নিমিত্ত ব্যবসা শুরু ও বিবিধ কার্যক্রম গ্রহণের জন্য কোন দলিল দস্তাবেজ/কাগজপত্রাদি দাখিলের ক্ষেত্রে কোম্পানীর কমন ( গোল) সীলমোহর ব্যবহারের আবশ্যকতা রহিত করা হয়েছে। আরজিএসসি হতে প্রচলিত প্রচারনাসহ ২টি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে এবং BIDA আয়োজিত বিভিন্ন অংশীজন সভায় নিয়মিত বিষয়টি অবহিত করা হচ্ছে। তাছাড়া গত ২০.০১.২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিস্তানের প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক বরাবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ সংক্রান্ত একটি সার্কুলার জারি করা হয়, যা নিম্নরূপ :

**"বাংলাদেশ গেজেট এর ২৫ ফেব্রুয়ারী ২০২০ তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যায় কোম্পানী (সংশোধন) আইন, ২০২০ (২০২০ সনের ৭ নং আইন) এর মাধ্যমে কোম্পানীর সাধারণ সীলমোহর ব্যবহারের বাধ্যবাধকতা রহিত করা হয়েছে। উল্লিখিত আইনের অনুলিপি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।"**

৩। বর্ণিত তৎপরতার পরও কোম্পানির গোল সীল ব্যবহারের আবশ্যকতা নেই বিষয়টি সর্বত্র প্রয়োগ হচ্ছে না। এ বিষয়ে এখনো অস্পষ্টতা বিদ্যমান থাকাসহ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সর্ব পর্যায়ে বিশেষ করে নীচের দিকে কর্মরতদের এবং উপকারভোগীদের মধ্যে এটি ভালভাবে প্রচারিত এবং অনুধাবিত হয় নাই মর্মে প্রতিয়মান হচ্ছে, যেহেতু, বিশ্বব্যাংক এর জরিপে এ বিষয়ে পর্যাপ্ত স্বীকৃতি পাওয়া যাচ্ছে না। ব্যবসা সহজীকরণ সূচকে বাংলাদেশের অবস্থান উন্নয়নে সেবাপ্রদানকারী ও উপকারভোগী উভয় পক্ষকেই এই সংস্কারের বিষয়ে অবহিত থাকতে হবে, এর অনুসরণ করতে হবে। সর্বোপরি বিশ্ব ব্যাংকের জরিপে বর্নিত সংস্কার সম্পন্ন হওয়া, এর বাস্তবায়ন এবং সেবাগ্রহণকারী কর্তৃক উপকার প্রাপ্তির স্বীকৃতি প্রমানিত হতে হবে।

৪। এমতাবস্থায়, কোন দলিল দস্তাবেজ/কাগজপত্রাদি দাখিলের ক্ষেত্রে কোম্পানির কমন (গোল) সীল ব্যবহারের আবশ্যকতা রহিতকরণের বিষয়টি ব্যাংকের সকল পর্যায়ে অবহিতকরণ ও এর কার্যকর প্রয়োগের মাধ্যমে বিশ্ব ব্যাংকের জরিপে এই সংস্কারের প্রতিফলন নিশ্চিতপূর্বক ব্যবসায় সূচকে বাংলাদেশের অবস্থান উন্নীতকরণে প্রয়োজনীয় ভূমিকা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

সংযুক্তি : বর্ণনামতে

ধন্যবাদান্তে.

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত বাণিজ্যিক ব্যাংক (সকল)

**সালমান ফজলুর রহমান, এমপি**

**অনুলিপি: কোম্পানীর কমন (গোল) সীলের আবশ্যকতা রহিতকরণ এর কার্যকর বাস্তবায়নে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো।**

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান, বাংলাদেশে কার্যরত বাণিজ্যিক ব্যাংক (সকল), প্রধান কার্যালয়, ঢাকা।

**অনুলিপি: অবগতির জন্য**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।

# আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

*Website: www.bb.org.bd*

**বাংলাদেশ ব্যাংক**

**প্রধান কার্যালয়**

**ঢাকা।**

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০১

তারিখ ঃ ৬ মাঘ ১৪২৭ / ২০ জানুয়ারি ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কোম্পানীর সাধারণ সীলমোহর ব্যবহারে বাধ্যবাধকতা রহিতকরণ প্রসঙ্গে**

বাংলাদেশ গেজেট এর ২৫ ফেব্রুয়ারী ২০২০ তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যায় কোম্পানী (সংশোধন) আইন, ২০২০ (২০২০ সনের ০৭ নং আইন) এর মাধ্যমে কোম্পানীর সাধারণ সীলমোহর ব্যবহারের বাধ্যবাধকতা রহিত করা হয়েছে। উল্লিখিত আইনের অনুলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তি- ৩ পৃষ্ঠা।

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৫, ২০২০

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ ফাল্গুন, ১৪২৬/২৫ ফেব্রুয়ারি, ২০২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ ফাল্গুন, ১৪২৬ মোতাবেক ২৫ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২০ সনের ০৭ নং আইন

## কোম্পানী আইন, ১৯৯৪ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন কোম্পানী (সংশোধন) আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর উপ-ধারা (১) এর দফা (ঠ) এর প্রথম শর্তাংশের "কোন দলিলে কোম্পানীর সাধারণ সীলমোহর অংকিত করা," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে।

(৩) উপ-ধারা (১) এ উল্লিখিত প্রতিনিধি প্রয়োজনীয় দলিল দস্তাবেজে তাহার স্বাক্ষরসহ লিখিতভাবে তারিখ উল্লেখ করিবেন এবং যে ভূখণ্ডে, এলাকা বা স্থানে স্বাক্ষর করা হইল সেই ভূখণ্ড, এলাকা বা স্থানের নাম উল্লেখ করিবেন।"।

১১। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ২০৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২০৮ এ উল্লিখিত "সীলমোহর দ্বারা প্রমাণীকৃত (authenticated) হইলে, উক্ত অনুলিপি, উহাতে" শব্দগুলি, কমাগুলি ও বন্ধনী বিলুপ্ত হইবে।

১২। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ২২৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২২৫ এর "এবং তাহা কোম্পানীর সাধারণ সীলমোহর দ্বারা মোহরাঙ্কিত হওয়ার প্রয়োজন হইবে না" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৩। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ২৬২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২৬২ এর দফা (ঘ) এর "এবং তদুদ্দেশ্যে যখন প্রয়োজন হয় কোম্পানীর সাধারণ সীলমোহর ব্যবহার করা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৪। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ৩৪৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৪৭ এর উপ-ধারা (৪) বিলুপ্ত হইবে।

১৫। **১৯৯৪ সনের ১৮ নং আইনের ধারা ৩৬৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৬৩ এর "এবং একটি সাধারণ সীলমোহর" শব্দগুলি বিলুপ্ত হইবে।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

কোম্পানীর কমন (গোল) ব্যবহারের আবশ্যকতা রহিতকরণ বিষয়ে আরজেএসসি'র বিজ্ঞপ্তি
(ডেইলি স্টার ও দৈনিক ইত্তেফাক)

ডেইলি স্টার
২০/১০/২০২০খ্রি:

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
টিসিবি ভবন (৭ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা
www.roc.gov.bd

নং-২৬.০৬.০০০০.০৯৩.০২.০৯৯.১৪.                                                    তারিখঃ ১১.০৩.২০২০খ্রিঃ

## কোম্পানির কমন সিল অবলোপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি এবং Ease of Doing Business Report এ বাংলাদেশের অবস্থান এগিয়ে আনার লক্ষ্যে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির ব্যবহার্য কমন সিল/সাধারণ সিল/সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন করে কোম্পানি (সংশোধন) আইন, ২০২০ মহান জাতীয় সংসদে পাস হওয়ায় আইনটি ২৫/০২/২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা হিসেবে প্রকাশিত হয়েছে। আইনের সংশোধনীটি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য www.roc.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিতে পারবেন।

বর্ণিত সংশোধনীতে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির কমন সিল/সাধারণ সিল/সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন হওয়ায় আরজেএসসিতে নিবন্ধন ও রিটার্ন দাখিলসহ যে কোন দপ্তর/সংস্থার সাথে কোম্পানি কর্তৃক কোন দলিল/কাগজপত্রাদি/ডকুমেন্টস ইত্যাদি সম্পাদনের ক্ষেত্রে কমন সিল ব্যবহারের আবশ্যক হবে না।

জিডি-১৬৬১                                                    কর্তৃপক্ষ

---

দৈনিক ইত্তেফাক
২০/১০/২০২০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

তারিখ-১১.০৩.২০২০খ্রিঃ।
২৬.০৬.০০০০.০৯৩.০২.০৯৯.১৪.

## কোম্পানির কমন সিল অবলোপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি এবং Ease of Doing Business Report এ বাংলাদেশের অবস্থান এগিয়ে আনার লক্ষ্যে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির ব্যবহার্য্য কমন সিল/সাধারণ সিল/সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন করে কোম্পানি (সংশোধন) আইন, ২০২০ মহান জাতীয় সংসদে পাস হওয়ায় আইনটি ২৫/০২/২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা হিসেবে প্রকাশিত হয়েছে। আইনের সংশোধনীটি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য www.roc.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিতে পারবেন।

বর্ণিত সংশোধনীতে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির কমন সিল/সাধারণ সিল/সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন হওয়ায় আরজেএসসিতে নিবন্ধন ও রিটার্ন দাখিলসহ যে কোন দপ্তর/সংস্থার সাথে কোম্পানি কর্তৃক কোন দলিল/ কাগজপত্রাদি/ ডকুমেন্টস ইত্যাদি সম্পাদনের ক্ষেত্রে কমন সিল ব্যবহারের আবশ্যক হবে না।

কর্তৃপক্ষ